দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 15 AUG 1994
পৃষ্ঠা ২ কলাম ১

০৪

# বুয়েটে সংঘর্ষ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ইউকসু নির্বাচনকে কেন্দ্র করে রবিবার প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে ছাত্রদল ও

(শেষ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## বুয়েটে সংঘর্ষ

(প্রথম পাতার পর)

ছাত্রলীগ (ম-ই) কর্মীদের মধ্যে ব্যাপক সংঘর্ষ হয়েছে। সংঘর্ষকালে প্রায় ২০টি বোমা বিস্ফোরিত হয় বলে প্রত্যক্ষদর্শীরা জানায়। এ সময় বুয়েটের সামনের রাস্তা দিয়ে গাড়ি চলাচল বন্ধ হয়েযায়। দুপুর পর্যন্ত এ গাড়ি চলাচল বন্ধ থাকে। প্রত্যক্ষদর্শীরা জানায়, আগামী ১৮ আগস্ট অনুষ্ঠিতব্য ইউকসু নির্বাচনকে বয়কট করার জন্য ছাত্রলীগ (ম-ই) ছাত্র ধর্মঘট আহ্বান করে। এ সময় ছাত্রলীগ কর্মীরা সকালেই ক্যাম্পাসে ঢোকার প্রধান ফটকগুলো আটকে দেয়। সকাল ১১টায় ছাত্রদল বুয়েট শাখার দু'জন নেতা ক্যাম্পাসে আসতে চাইলে ছাত্রলীগ কর্মীরা তাদের মরধর করে। এ ঘটনা ছড়িয়ে পড়লে বিক্ষুব্ধ ছাত্রদল কর্মীরা সংঘর্ষে জড়িয়ে পড়ে। এদিকে নির্বাচন ছাড়াও পরীক্ষাও এ সংঘর্ষের অন্যতম কারণ বলে জানা গেছে। কয়েকজন ছাত্র জানায়, ছাত্রদল ও ছাত্র ইউনিয়ন কর্মীরা রবিবারের পরীক্ষা দেয়ার জন্য প্রস্তুতি নেয়। ওদিকে ছাত্রলীগ (ম-ই) এ দিন ধর্মঘট ডাকে। এ নিয়ে বিরোধ হয়। উল্লেখ, আগামী ১৮ আগস্ট অনুষ্ঠিতব্য নির্বাচনের জন্য শুধুমাত্র ছাত্রদল ও ছাত্র ইউনিয়ন নমিনেশন পেপার দাখিল করে।